দালালমুক্ত পুলিশ সেবা নিশ্চিতের নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর



রমনা থানায় স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশের সব থানাকে দালালমুক্ত রাখতে কঠোর অবস্থান নেওয়ার নির্দেশ দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রাজধানীসহ সারাদেশে থানাগুলোতে সেবার পরিবেশ স্বচ্ছ রাখতে সংশ্লিষ্টদের প্রতি তিনি এ নির্দেশনা দেন।

শনিবার (২ মে) দুপুরে ঢাকার রমনা মডেল থানা পরিদর্শনে গিয়ে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে তিনি এ কথা বলেন। পরিদর্শনের সময় থানার কার্যক্রম ঘুরে দেখেন এবং সার্বিক পরিবেশ সম্পর্কে ধারণা নেন।

এ সময় তিনি থানার বিভিন্ন কক্ষ, হাজতখানা এবং সেবাদান ব্যবস্থার খোঁজখবর নেন।পাশাপাশি ওসি, ডিউটি অফিসার ও অন্যান্য দায়িত্বপ্রাপ্ত সদস্যদের সঙ্গে কথা বলে তাদের কাজের অগ্রগতি ও চ্যালেঞ্জ সম্পর্কে অবহিত হন।

স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ সদস্যদের সততা, পেশাদারিত্ব ও আন্তরিকতার সঙ্গে জনগণকে সেবা দেওয়ার আহ্বান জানান। একইসঙ্গে দায়িত্বে অবহেলা বা দুর্নীতির অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও স্পষ্ট হুঁশিয়ারি দেন তিনি।